গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, চট্টগ্রাম
www.chc.gov.bd

**নিলাম দরপত্র বিজ্ঞপ্তি**

নথি নং: এস-৪/৯২/World Bank Group (WBG)/প্রকল্প/২০২০-২১ (অংশ-৪)/ তারিখ- /১১/২০২৬ খ্রি.

| | | |
|---|---|---|
| ১. | কাজের নাম: | কাস্টমস হাউস, চট্টগ্রামের অকেজো ঘোষিত ভবন/স্থাপনার বৈদ্যুতিক সরঞ্জামাদি, বিদ্যমান সাব-স্টেশন, Overhead & Underground Electrical Cable, Wiring Cable এবং অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জামাদি অপসারণ এবং নির্মাণ এলাকা পরিষ্কারকরণ। |
| ২. | কার্য সম্পাদনের সময়সীমা: | ৩০ (ত্রিশ) দিন |
| ৩. | ঠিকাদারের যোগ্যতা: | আগ্রহী ঠিকাদারগণ নিজে অথবা বৈধ প্রতিনিধির মাধ্যমে হালনাগাদ ট্রেড লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে), আয়কর সনদপত্র, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেটের কপি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং দরপত্র সিডিউলের মূল্য পরিশোধ সংক্রান্ত এ-চালানের কপিসহ অ্যাসিস্ট্যান্ট কমিশনার (প্রিভেন্টিভ ও প্রশাসন), কাস্টমস হাউস, চট্টগ্রাম বরাবর দরপত্র সিডিউলের জন্য লিখিত আবেদন করবেন। |
| ৪. | দরপত্র সিডিউলের মূল্য: | দরপত্র সিডিউলের মূল্য বাবদ ৩,০০০/- (তিন হাজার) টাকা হারে (অফেরতযোগ্য) কাস্টমস হাউস, চট্টগ্রাম-এর অনুকূলে এ-চালানের মাধ্যমে দরপত্র দলিল ফি খাতে কোড নং-1110203102008-110000000-11001000-1422328-এ জমা প্রদান করতে হবে। |
| ৫. | টেন্ডার সিকিউরিটি: | উদ্ধৃত মূল্যের ১০% (দশ শতাংশ) পরিমাণ অর্থ কাস্টমস হাউস, চট্টগ্রাম-এর অনুকূলে পে-অর্ডার অথবা Bank Guarantee আকারে প্রস্তুতপূর্বক দরপত্রের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে। |
| ৬. | দরপত্র সিডিউল বিক্রয় ও প্রাপ্তিস্থান | রাজস্ব কর্মকর্তা (প্রশাসন) এর কক্ষ, কাস্টমস হাউস, চট্টগ্রাম। |
| ৭. | দরপত্র দাখিলের স্থান | দরপত্র গ্রহণের সুবিধার্থে নিম্নবর্ণিত দপ্তরসমূহে সিলকৃত দরপত্র বাক্স স্থাপন করা হবে:<br>(ক) জাতীয় রাজস্ব বোর্ড (NBR);<br>(খ) অ্যাসিস্ট্যান্ট কমিশনার (প্রিভেন্টিভ ও প্রশাসন) এর দপ্তর, কাস্টমস হাউস, চট্টগ্রাম;<br>(গ) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম;<br>(ঘ) কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম;<br>(ঙ) চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ;<br>(চ) জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম; এবং<br>(ছ) চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ (সিএমপি) কার্যালয়।<br>উল্লেখিত যে কোনো দরপত্র বাক্সে নির্ধারিত সময়ের মধ্যে সিলকৃত দরপত্র দাখিল করা যাবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোনো দরপত্র গ্রহণযোগ্য হবে না। |
| ৮. | দরপত্র খোলার স্থান | কাস্টমস হাউস, চট্টগ্রাম |
| ৯. | দরপত্র সিডিউল বিক্রির শেষ তারিখ ও সময় | ২৯/১১/২০২৬ খ্রি. তারিখ বেলা ০৫:০০ ঘটিকা পর্যন্ত। |
| ১০. | দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময় | ৩০/১১/২০২৬ খ্রি. তারিখ বেলা ১২:০০ ঘটিকা। |
| ১১. | দরপত্র খোলার তারিখ ও সময় | নির্ধারিত সময় পর্যন্ত বিভিন্ন দপ্তরে স্থাপিত দরপত্র বাক্সে প্রাপ্ত সকল সিলকৃত দরপত্র সংগ্রহপূর্বক একই দিনে অর্থ্যাৎ ৩০/১১/২০২৬ খ্রি. তারিখে কাস্টমস হাউস, চট্টগ্রাম-এ আনা হবে এবং উক্ত তারিখে বিকাল ৪:০০ ঘটিকায় অ্যাসিস্ট্যান্ট কমিশনার (প্রিভেন্টিভ ও প্রশাসন) এর কক্ষে উপস্থিত দরদাতাগণের সম্মুখে দরপত্র খোলা হবে। |

চলমান পৃষ্ঠা: ২

১২। দরপত্র খোলার তারিখে কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।

১৩। অনিবার্য কারণ বশতঃ দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ, গ্রহণের শেষ তারিখ বা খোলার তারিখে দরপত্র সিডিউল বিক্রি/গ্রহণ বা খোলা সম্ভব না হলে পরবর্তী কার্য দিবসের উল্লেখিত সময়ে যথাক্রমে দরপত্র সিডিউল বিক্রি/গ্রহণ ও খোলা হবে।

১৪। কাস্টমস হাউস, চট্টগ্রাম কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ, বাতিল অথবা কাজ ভাগ করে দেওয়ার ক্ষমতা সংরক্ষণ করে।

১৫। এ দরপত্র The Public Procurement Rules, 2025 অনুযায়ী প্রচলিত হবে।

১৬। অন্যান্য সংশ্লিষ্ট তথ্যাদি জানার জন্য আগ্রহী ঠিকাদারগণ দপ্তর চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করতে পারবেন।

(মোঃ ইমরান হোসেন)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস
সভাপতি, কনডেমনেশন কমিটি এর পক্ষে
E_mail: customhousectg@nbr.gov.bd.